

সিলেট  
৭

# সিলেটে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ২৮ হাজার আসন শূন্য

আবদুল মুকিত

সিলেটের সরকারী ও বেসরকারী কলেজগুলোতে ছাত্রছাত্রী ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। ভাল ও সরকারী কলেজগুলোতে ভর্তি হওয়া নিয়ে ছাত্রছাত্রীদের মধ্যে টেনশনের শেষ নেই। পাস করা ছাত্রছাত্রীদের তুলনায় ভাল কলেজগুলোতে আসন সংখ্যা কম থাকায় অনেকটা অনিশ্চয়তার মধ্যে পড়েছে সিলেটের বিশৃঙ্খলিত ছাত্রছাত্রী। এবার এইচএসসি পরীক্ষার সিলেট শিক্ষাবোর্ড থেকে ১৫ হাজার ২৭০ জন শিক্ষার্থী পাস করেছে। সিলেট বিভাগের চার জেলায় কলেজ সংখ্যা ১০৬। আসন আছে ৪৩ হাজার ২০০। পরিসংখ্যান দুটি বলছে, বিভিন্ন কলেজের উচ্চ মাধ্যমিক শ্রেণীর ২৭ হাজার ৯৩০টি আসনই শূন্য থাকবে। ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের জন্য সংশ্লিষ্টরা হ্রাসসকেট বলেই আশ্বাসিত করছেন।

সিলেটের বীকুণ্ড ৪টি ভাল কলেজের আসন সংখ্যা ১ হাজার ৯০০। শিক্ষার্থীদের চোখ এই আসনগুলোর দিকেই। এবার পরীক্ষায় জিপিএ-এ প্রায় ৭১৩ জনের পাশাপাশি এ গ্রেড পাওয়া ২ হাজার ৪১১ জন শিক্ষার্থী এই চার কলেজে ভর্তি হতে আগ্রহী। সংশ্লিষ্টদের হিসাব অনুযায়ী- এমনটি ঘটলে বাকি ১০২টি কলেজ গড়ে ১০২ জন করে শিক্ষার্থী পাবে। যা এই কলেজগুলোর অতিদুর্ভিক্ষ হৃদয়কে মুখে ঠেলে দেবে। সিলেট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড সূত্রে জানা গেছে, সিলেট বিভাগে সরকারী ও বেসরকারী কলেজ রয়েছে

১০৬টি। আর মধ্যে সিলেট জেলায় ৬০টি, সুনামগঞ্জ জেলায় ২৮টি, মৌলভীবাজার জেলায় ২৯টি এবং হবিগঞ্জ জেলায় ১৯টি। পাঠদানের উপযোগী ব্যবস্থা থাকলে কলেজের শাখা প্রতি ১৫০ জন ছাত্রছাত্রী ভর্তি করার অনুমতি রয়েছে। এ হিসেবে সিলেট জেলায় ৬০টি কলেজে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা- তিন বিভাগে মোট আসন রয়েছে ২০ হাজার ৮০০টি। সুনামগঞ্জ জেলায় ২৮টি কলেজে আসন রয়েছে ৮ হাজার ৭০০। মৌলভীবাজার জেলায় ২৯টি কলেজে আসন রয়েছে ১০ হাজার ৫০টি এবং হবিগঞ্জ জেলায় ১৯টি কলেজে ৩ বিভাগে আসন রয়েছে ৭ হাজার ৫০টি। ছাত্রছাত্রী সংখ্যা কম হওয়ায় এসব কলেজের উচ্চ মাধ্যমিক শ্রেণীর অধিকাংশ আসন শূন্য থাকবে। ৪ জেলায়, বিজ্ঞান বিভাগে আসন রয়েছে ২০ হাজার ৪০০। কিন্তু পাস করেছে মাত্র ৫ হাজার ৫৬৬ জন ছাত্রছাত্রী। সে হিসেবে এবার বিজ্ঞান বিভাগে ১৪ হাজার ৮৩৪টি আসন শূন্য থাকবে। মানবিক বিভাগে মোট আসন রয়েছে ১৪ হাজার ৪০০। অপরদিকে পাস করেছে মাত্র ৮ হাজার ৪৬৩ জন। তাই এবার মানবিক বিভাগে ৫ হাজার ৯৩৭ আসন শূন্য থাকবে। এবার আসন সকেট প্রকট আকার ধারণ করবে ব্যবসায় শিক্ষা বিভাগে। সিলেট বিভাগে ব্যবসায় শিক্ষা বিভাগে মোট আসন রয়েছে ১১ হাজার ৮০৫টি। অথচ মাধ্যমিক শ্রেণীতে এ বিভাগে পাস করেছে মাত্র ১ হাজার ২৪১ জন ছাত্রছাত্রী। তাই এ বছর ব্যবসায় শিক্ষা বিভাগে ১০ হাজার ৫৬৪টি আসন শূন্য থাকবে। বিজ্ঞান বিভাগে সিলেটের ৪টি

ভাল কলেজ এমসি কলেজ, সিলেট সরকারী কলেজ, সিলেট সরকারী মহিলা কলেজ, ও মদনমোহন কলেজে ১ হাজার ২৫০ জন শিক্ষার্থী ভর্তি হলে বাকি কলেজগুলো ছাত্রছাত্রী পাবে ৩৩ জন করে। মানবিক বিভাগে ১৩৬টি কলেজের প্রতিটি পাবে ৬৩ জন করে ছাত্রছাত্রী। সকেটের কারণে সিলেট বিভাগের ৯টি কলেজে ২০০৮-০৭ শিক্ষা বর্ষে কোন ছাত্রছাত্রী পায়নি। এ বছরও বিভাগের অনেক কলেজে ছাত্রছাত্রী সকেটে ভুগবে বলে আশঙ্কা করা হচ্ছে।

এদিকে, উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া শুরু হওয়ার সাথে সাথে মেধাবী ছাত্রছাত্রীদের ভালো কলেজগুলোতে ভর্তি হওয়ার জন্য দৌড়ঝাঁপ শুরু হয়েছে। সিলেট সরকারী মহিলা কলেজে ৬০০, সরকারী কলেজে ৮০০, এমসি কলেজে ৩০০ এবং কমার্স কলেজে ২১০ আসন রয়েছে। আর এই চারটি কলেজে ভর্তি হওয়ার জন্য ছাত্রছাত্রীদের টেনশনের শেষ নেই। এই কলেজগুলোতে সিলেট জেলার পাস করা ছাত্রছাত্রী ছাড়াও মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলায় ছাত্রছাত্রীরাও ভর্তি হওয়ার জন্য ভিড় জমাবে। ইতোমধ্যে এমসি কলেজ ও সিলেট সরকারী মহিলা কলেজ কর্তৃপক্ষ আবেদনকারীদের হুড়ন তালিকা প্রকাশ করেছে। দু'একদিনের মধ্যে সিলেট সরকারী কলেজ, মদনমোহন কলেজ ও কমার্স কলেজও আবেদনকারীদের হুড়ন তালিকা প্রকাশ করবে।